

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২১.২১. ৭৬৭

তারিখ:

২৩ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ  
২৮ নভেম্বর ২০২১ খ্রি.

অভিযোগনামা

আপনি মির্জা মো: মঈন উদ্দিন (১৫৪৬২), সহকারী অধ্যাপক (অর্থনীতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;

যেহেতু, আপনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২৫-০১-২০১৭ খ্রিষ্টাব্দের ৮৯ নং স্মারক অনুযায়ী পি.এইচ.ডি. গবেষণা কোর্সে অধ্যয়নের জন্য প্রেষণে দায়িত্বভার হস্তান্তরের তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য University of New England (UNE), Australia-তে গমন করেন;


যেহেতু, আপনাকে উক্ত কোর্সের পূর্বের প্রেষণের ধারাবাহিকতায় ০১-০৪-২০২০ খ্রি. হতে ৩১-০৩-২০২১ খ্রিষ্টাব্দ পর্যন্ত ০১ (এক) বছর শিক্ষাছুটি মঞ্জুর করা হয়;

যেহেতু, আপনি University of New England, Australia-এর অধীনে পিএইচ.ডি. গবেষণা কোর্সে অধ্যয়নের জন্য মঞ্জুরকৃত ছুটির মেয়াদ ৩১-০৩-২০২১ খ্রি. শেষ হওয়া সত্ত্বেও ০১-০৪-২০২১ খ্রি. হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছে।

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উত্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন”এর অভিযোগে অভিযুক্ত করা হলো। আপনার বিরুদ্ধে বর্ণিত অভিযোগ (শৃঙ্খলা ও আপীল) বিধি ৪(১) এর আওতায় কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার কারণ এ বিধির ৭(১)(খ) ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

  
(মোঃ মাহবুব হোসেন)  
সচিব

স্থায়ী ঠিকানা:

মির্জা মো: মঈন উদ্দিন

পিতা- মির্জা মো: চাঁন মিয়া

গ্রাম-খলডোব, ডাকঘর-বাগবাটা

থানা- সিরাজগঞ্জ, জেলা-সিরাজগঞ্জ।

বর্তমান কর্মস্থল:

মির্জা মো: মঈন উদ্দিন (১৫৪৬২), সহকারী অধ্যাপক (অর্থনীতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী


মির্জা মো: মঈন উদ্দিন (১৫৪৬২), সহকারী অধ্যাপক (অর্থনীতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ নিম্নরূপ:

ক) তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২৫-০১-২০১৭ খ্রিষ্টাব্দের ৮৯ নং স্মারক অনুযায়ী পি.এইচ.ডি. গবেষণা কোর্সে অধ্যয়নের জন্য প্রেষণে দায়িত্বভার হস্তান্তরের তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য University of New England (UNE), Australia-তে গমন করেন;

খ) তাঁকে উক্ত কোর্সের পূর্বের প্রেষণের ধারাবাহিকতায় ০১-০৪-২০২০ খ্রি. হতে ৩১-০৩-২০২১ খ্রিষ্টাব্দ পর্যন্ত ০১ (এক) বছর শিক্ষাছুটি মঞ্জুর করা হয়;

গ) তিনি University of New England, Australia-এর অধীনে পিএইচ.ডি. গবেষণা কোর্সে অধ্যয়নের জন্য মঞ্জুরকৃত ছুটির মেয়াদ ৩১-০৩-২০২১ খ্রি. শেষ হওয়া সত্ত্বেও ০১-০৪-২০২১ খ্রি. হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে তাঁর উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

  
(মোঃ মাহবুব হোসেন)  
সচিব